**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 31.03.24** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) পশ্চিমবঙ্গে প্রথম পর্বের লোকসভা নির্বাচনে তিন কেন্দ্রে মোট ৩৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন। ১৯ শে এপ্রিল প্রথম দফার ভোটগ্রহণ।

২) বিজেপি গতকাল অষ্টম প্রার্থী তালিকা প্রকাশ করেছে। রাজ্যের ঝাড়গ্রাম কেন্দ্রে প্রণত টুডু ও বীরভূমে দেবাশিস ধর প্রার্থী হচ্ছেন।

৩) ভোটকর্মীদের পোস্টাল ব্যালট পেপার, ফেসিলিটেশন সেন্টারে রাখা ব্যালট বক্সে ফেলার নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন।

৪) রেশন দুর্নীতি কান্ডে শেখ শাহজাহানকে গ্রেপ্তার করেছে ইডি। আগামীকাল তাকে আদালতে পেশ করা হবে।

৫) আইএসএল ফুটবেল মোহনবাগান সুপারজায়ান্ট আজ যুবভারতী ক্রীড়াঙ্গনে চেন্নাইয়ান এফসির মুখোমুখি হবে। খেলা শুরু সন্ধ্যা সাড়ে সাতটায়।

---

অষ্টাদশ লোকসভা নির্বাচনে এরাজ্যের কোচবিহার, আলিপুরদুয়ার এবং জলপাইগুড়ি এই তিন কেন্দ্রে মোট ৩৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এর মধ্যে কোচবিহার ও আলিপুরদুয়ারে রয়েছেন ১১ জন করে এবং জলপাইগুড়িতে ১২ জন।

মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে খবর, তৃণমূল কংগ্রেস, BJP, BSP, বামফ্রন্ট, SUCI( communist), Kamtapur Peoples Party (United) তিনটি আসনেই প্রার্থী দিয়েছে। বামফ্রন্টের পক্ষে কোচবিহারে ফরওয়ার্ড ব্লক, আলিপুরদুয়ার এ RSP এবং জলপাইগুড়িতে সিপিআইএম প্রতিদ্বন্দ্বিতা করছে। ওই তিন কেন্দ্রের মধ্যে কংগ্রেস শুধুমাত্র কোচবিহারেই প্রার্থী দিয়েছে। কোচবিহারে চার, আলিপুরদুয়ারে ২ এবং জলপাইগুড়িতে ৫ জন নির্দল প্রার্থী প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন।

উল্লেখ্য, আগামী ১৯ এপ্রিল প্রথম দফা নির্বাচনে ভোট গ্রহণ।

--------------------

আসন্ন লোকসভা নির্বাচনে বিজেপি অষ্টম প্রার্থী তালিকা প্রকাশ করেছে। গতকাল প্রকাশিত এই তালিকায় পশ্চিমবঙ্গে দুটি কেন্দ্রের প্রার্থীর নাম ঘোষণা করা হয়। ঝাড়গ্রাম লোকসভা কেন্দ্রে চিকিৎসক প্রণত টুডু এবং বীরভূম লোকসভা কেন্দ্রে প্রাক্তন আই পি এস দেবাশীষ ধরকে প্রার্থী করা হয়েছে। দেবাশিস ধর জানিয়েছেন, আগামীকাল থেকেই প্রচার শুরু করবেন তিনি।

উল্লেখ্য, একসময় শ্রী ধর বীরভূমে এসডিপিও হিসেবে কাজ করেছেন।

অন্যদিকে, রাজ্য বিজেপির নতুন মুখপাত্র হয়েছেন রাধিকা ভট্টাচার্য শাহ। রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার তাকে এই পদে নিয়োগ করেছেন।

--------------------

দার্জিলিং লোকসভা কেন্দ্রে কার্শিয়াং-এর বিজেপি বিধায়ক বিষ্ণুপ্রসাদ শর্মা নির্দল প্রার্থী হিসাবে মনোনয়ন পেশ করায়, শিলিগুড়ির বিজেপি বিধায়ক শঙ্কর

ঘোষ সহ অন্যান্য দলীয় নেতৃত্ব তাঁকে প্রতিদ্বন্দ্বিতা না করার অনুরোধ জানিয়েছেন। শংকর ঘোষ বলেন,

বাইট

অন্যদিকে, ওই লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী রাজু বিস্তা বলেছেন, শ্রী শর্মার বিধানসভা থেকে পদত্যাগ করে লোকসভায় প্রার্থীপদ দাখিল করা উচিত ছিল।

--------------------

তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ নদীয়ার কৃষ্ণনগর কেন্দ্রে লোকসভা নির্বাচনের প্রচারে অংশ নেবেন। কৃষ্ণনগরের সভা ছাড়াও পরের পাঁচ দিনে তাঁর আটটি সভা রয়েছে বলে জানা গেছে। সোমবার মুর্শিদাবাদের বহরমপুরে একটি জনসভায় অংশ নেওয়ার কথা তৃণমূল প্রধানের।

আগামী সপ্তাহে তিনি উত্তরবঙ্গে যাচ্ছেন। চৌঠা এপ্রিল থেকে উত্তরবঙ্গে নির্বাচনী জনসভা করবেন মমতা ব্যানার্জী। এছাড়াও পুরুলিয়া এবং বাঁকুড়াতে তাঁর জনসভা করার কথা রয়েছে।

--------------------

রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল হাওড়ার উলুবেড়িয়ায় দলীয় কর্মকর্তাদের সম্মেলনে যোগ দেন। শিক্ষক নিয়োগ থেকে শুরু করে রেশন দুর্নীতি নিয়ে ফের সরব হন তিনি। শুভেন্দু বাবু বলেন, তৃণমূল কংগ্রেস সরকারি প্রকল্পগুলি নিয়ে রাজনীতি করছে। কেন্দ্র টাকা দিচ্ছে, কিন্তু মানুষ তা পাচ্ছে না। সংশোধিত নাগরিকত্ব আইন - সিএএ নিয়ে রাজ্যের শাসকদলের নেতাকর্মীরা অপপ্রচার করছে বলে তাঁর অভিযোগ।

উল্লেখযোগ্য প্রার্থীদের মধ্যে বিজেপির ডক্টর সুকান্ত মজুমদার হিলিতে এবং নিশীথ প্রামাণিক দিনহাটায় গতকাল প্রচার সারেন।

উত্তর কলকাতায় গতকাল বেলেঘাটার গান্ধীভবনে গান্ধীজীর মূর্তিতে শ্রদ্ধা জানিয়ে যৌথ প্রচার শুরু করে কংগ্রেস ও বামেরা। উপস্থিত ছিলেন কংগ্রেস প্রার্থী প্রদীপ ভট্টাচার্য্য, রাজ্য বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু।

উল্লেখ্য, বাম কংগ্রেস জোটের প্রার্থী হিসাবে কোচবিহারে ফরওয়ার্ড ব্লকের প্রতিদ্বন্দ্বিতা করার কথা থাকলেও কংগ্রেস প্রার্থী পিয়া রায়চৌধুরী গতকাল মনোনয়ন প্রত্যাহারের শেষ দিনেও নাম তুলে নেন নি।

---------------------

নির্বাচন কমিশন আসন্ন লোকসভা নির্বাচনে ভোটকর্মীদের পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দেওয়ার ক্ষেত্রে নিয়মের কিছুটা পরিবর্তন করেছে। পোস্টাল ব্যালটে ভোট দেওয়ার জন্য এবার ভোট গ্রহনের নির্দিষ্ট দিনের আগে মহকুমাস্তরে ফেসিলিটেশন সেন্টারে গিয়ে ভোট দেওয়ার জন্য, প্রশিক্ষনের সময়ই ভোটকর্মীদের ফর্ম দিয়ে দেওয়া হবে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গিয়েছে। ডাকযোগের পরিবর্তে ব্যালট পেপারগুলি ব্যালট বাক্সে করে স্ট্রং রুমে নিয়ে যাওয়া হবে। ভোট গ্রহনের জন্যে এইরকম প্রতিটি কেন্দ্রে তিনজন ভোটকর্মী ছাড়াও নিরাপত্তার জন্য পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী থাকবে।

---------------------

উচ্চমাধ্যমিকে সেমিস্টার ব্যবস্থাতেও থাকছে পাশ ফেল প্রথা। প্রথম এবং তৃতীয় সেমিস্টারে পাশ করার ন্যুনতম নম্বর থাকলে পরের সেমিস্টারে বসতে

পারবে না পড়ুয়ারা। বিশেষজ্ঞদের আলোচনার পর এ সংক্রান্ত চূড়ান্ত গাইডলাইন প্রকাশ করা হবে বলে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সচিব প্রিয়দর্শিনী মল্লিক জানিয়েছেন। তিনি জানান, পরীক্ষার্থীদের প্রত্যেক সেমিস্টারেই পাশ করতে হবে। তবে কত নম্বর পাস মার্কসের জন্য ধার্য করা হবে, সেই বিষয়গুলি এখনও আলোচনা স্তরেই রয়েছে।

উল্লেখ্য, এর আগে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের তরফে জানানো হয়েছিল, প্রথম ও তৃতীয় সেমিস্টারে পাশ নম্বর না থাকলেও দ্বিতীয় ও চতুর্থ সেমিস্টারে বসা যাবে।

---------------------

প্রবল তাপদাহের মধ্যে প্রাথমিক বিদ্যালয় খোলা থাকার বিষয়ে রাজ্যের পশ্চিমাঞ্চলের দুই জেলায় দু রকম নোটিশ দেওয়ায় শিক্ষানুরাগী ঐক্য মঞ্চ প্রতিবাদ জানিয়েছে। বাঁকুড়া এবং পশ্চিম মেদিনীপুর জেলায় প্রাথমিক বিদ্যালয়গুলিতে পয়লা এপ্রিল থেকে মর্নিং স্কুল চালু করার বিষয়ে নোটিশ দেওয়া হয়। বাঁকুড়া জেলায় সকাল সাড়ে ছটা থেকে সাড়ে দশটা এবং পশ্চিম মেদিনীপুরে সাড়ে ছটা থেকে সাড়ে এগারোটা পর্যন্ত স্কুল খোলা থাকবে বলে নোটিসে উল্লেখ করা হয়েছে। মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী এই অসঙ্গতি নিয়ে প্রশ্ন তোলেন। দ্রুত এর সংশোধনের দাবি জানান তিনি।

---------------------

উত্তর দমদম পুরসভার ১৭ নম্বর ওয়ার্ডের শরৎচন্দ্র কলোনিতে একটি নির্মীয়মান বাড়ির ইট মাথায় পরে গতরাতে প্রতিবেশী এক মহিলার মৃত্যু হয়েছে। কেয়া শর্মা চৌধুরী নামে ঐ মহিলা নির্মীয়মান বাড়িটির তলায় দাঁড়িয়েছিলেন।

গুরুতর জখম অবস্থায় তাঁকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

-------------------a-

রেশন দুর্নীতিকাণ্ডে জেলবন্দি শেখ শাহজাহানকে গতকাল বসিরহাট জেলে গিয়ে জিজ্ঞাসাবাদের পর গ্রেপ্তার করেছে ইডি। সাড়ে চার ঘণ্টারও বেশী সময় ধরে তাকে জেরা করা হয়। ইডি সূত্রে জানা গিয়েছে, জমি দখল করে ভেড়ির ব্যবসার আড়ালে চিংড়ি রপ্তানির নামে বিদেশে টাকা পাচার করতেন শেখ শাহজাহান। গত ১৪ মার্চ ধামাখালি ও সরবেড়িয়ায় শাহজাহানের সিন্ডিকেটের একাধিক ভেড়ি ব্যবসায়ীর বাড়িতে তল্লাশি চালান ইডি আধিকারিকরা। তদন্তকারীদের দাবি, ওই ব্যবসায়ীদের বাড়ি থেকে উদ্ধার নথিতে স্পষ্ট যে, শাহজাহান বিদেশে চিংড়ি রপ্তানির ব্যবসার নামে টাকা পাচার করত। আগামীকাল পিএমএলএ আদালতে শাহজাহানের হেফাজত চাইবে ইডি।

--------------------

গার্ডেনরিচে বেআইনী নির্মাণ ভেঙে ১২ জনের মৃত্যুর ঘটনার পুনরাবৃত্তি ঠেকাতে তৎপরতা শুরু করেছে কলকাতা পুরসভা। কেএমসি এমপ্লয়ি অ্যাপ নামে একটি নতুন অ্যাপ খুব শীঘ্রই চালু করতে চলেছে পুরসভা। প্রতিটি ওয়ার্ডে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়াররা নিয়মিত পরিদর্শন করে নির্মাণ সংক্রান্ত যাবতীয় ছবি ও বিস্তারিত তথ্য এই অ্যাপে আপলোড করবেন। এর ফলে বেআইনী নির্মাণ চিহ্নিত করা ও দ্রুত ব্যবস্থা গ্রহণ করা যাবে বলে পুরসভার তরফে জানানো হয়েছে।

এদিকে, কলকাতার পিকনিক গার্ডেনে গতকাল একটি নির্মীয়মান বহুতলের তৃতীয় তলার একাংশ ভেঙে পড়ে। বরাত জোরে বেঁচে যান স্থানীয় এক বাসিন্দা।

--------------------

প্রচারের জন্য নির্দিষ্ট করে রাখা দেওয়াল দখল করে নেওয়ার পাশাপাশি সেখান থেকে প্রার্থীর নাম মুছে ফেলা হচ্ছে বলে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে নির্বাচন কমিশনে অভিযোগ জানিয়েছে কংগ্রেস। মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্রে তাদের দেওয়াল দখল করে নেওয়া হচ্ছে, বহরমপুর কেন্দ্রের প্রার্থী অধীর রঞ্জন চৌধুরীর সমর্থনে দেওয়াল লিখন মুছে দেওয়া হয় বলেও তাদের অভিযোগ।

--------------------

রাজ্য সরকার ও প্রশাসনের সহযোগিতা না মেলায় হেমন্ত মুখোপাধ্যায় থেকে বেলেঘাটা স্টেশন পর্যন্ত চলতি মেট্রো প্রকল্পের কাজ শেষ করতে চূড়ান্ত অসুবিধার মুখে পড়তে হচ্ছে বলে মেট্রো কর্তৃপক্ষ অভিযোগ করেছে। বেলেঘাটায় একটি ফুটওভার ব্রিজ তৈরির জন্য ঠিকাদারি সংস্থা রেলওয়ে বিকাশ নিগম লিমিটেড, পুলিশ প্রশাসনকে চিঠি দিলেও ট্রাফিক নিয়ন্ত্রণের ব্যাপারে কোনো ছাড়পত্র দেওয়া হয়নি বলে এক বিবৃতিতে মেট্রো কর্তৃপক্ষ জানিয়েছে।

এদিকে, প্রকল্পের কাজ মেট্রো কর্তৃপক্ষ সময়ের মধ্যে শেষ করতে পারছে না বলে পুলিশের তরফে পাল্টা এক বিবৃতিতে জানানো হয়েছে। প্রকল্পের কাজ পরিদর্শনে গিয়ে কিছু জানার থাকলেও রেলওয়ে বিকাশ লিমিটেড বা মেট্রোর কোনো প্রতিনিধিকে পাওয়া যানি বলে পুলিশের অভিযোগ।

--------------------

আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট, আজ যুব ভারতী ক্রীড়াঙ্গনে চেন্নাইয়িন এফসির বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে - পয়েন্ট নিয়ে লিগ তালি ৩৯ ম্যাচে ১৮ সাতটায়। মোহনবাগান দ্বিতীয় স্থানে

আছে। শীর্ষে থাকা মুম্বাই সিটি এফ সি, র ১৯ ম্যাচে পয়েন্ট ৪১, অন্যদিকে চেন্নাইয়িন এফ সি ১৮ ম্যাচে ১৮ পয়েন্ট পেয়ে ১২ দলের আইএসএলে একাদশ স্থানে রয়েছে।

--------------------

নৈহাটি ষ্টেডিয়ামে গতকাল আই লিগ ফুটবলে মহামেডান স্পোর্টিং ও ইন্টার কাশী এফ সি,র মধ্যে খেলাটি ১-১ গোলে শেষ হয়েছে। মহামেডান স্পোর্টিংয়ের অ্যালেক্সিস গোমেজ এবং ইন্টার কাশীর, মারিও বার্কো গোল করেন। মহামেডান স্পোর্টিং ২২ ম্যাচে ৪৯ পয়েন্ট নিয়ে লিগ শীর্ষে রয়েছে।

--------------------

আলিপুর আবহাওয়া দপ্তর সূত্রে জানানো হয়েছে, আগামী কয়েক ঘন্টার মধ্যে বীরভূম, পূর্ব বর্ধমান, নদীয়া এবং পূর্ব মেদিনীপুরে জেলার কয়েকটি অঞ্চলে কালবৈশাখী ঝড় এবং সেইসঙ্গে বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। এই সময় মানুষজনকে নিরাপদে থাকতে বলা হয়েছে।

-------------------- --------------------